



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৯ এপ্রিল ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

### দীঘিনালায় ইউপিডিএফ নেতার বাড়ি পুড়িয়ে দেয়ার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) দীঘিনালা ইউনিটের সংগঠক কালো প্রিয় চাকমা আজ ১৯ এপ্রিল ২০১৮ বৃহস্পতিবার এক বিবৃতিতে খাগড়াছড়ির দীঘিনালা উপজেলায় সেনাবাহিনীর লেলিয়ে দেয়া জেএসএস সংস্কারবাদী সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফ সংগঠক প্রজিত চাকমার বাড়ি পুড়িয়ে দেয়ার ঘটনায় তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছেন।

বিবৃতিতে তিনি বলেন, 'বুধবার রাত ১০টার দিকে সংস্কারবাদীদের সশস্ত্র গ্রুপের তথাকথিত সেকশন কমাণ্ডার বিধানের নেতৃত্বে ১০-১৫ জনের একদল দুর্বৃত্ত রাঙে পাড়ায় গিয়ে বর্তমানে ইউপিডিএফ মহালছড়ি ইউনিটের সংগঠক হিসেবে দায়িত্ব পালনরত প্রজিত চাকমার বাড়িতে আগুন লাগিয়ে দেয়। এতে বাড়িটি সম্পূর্ণ পুড়ে ছাই হয়ে যায়।'

ঘটনার কয়েক ঘন্টা আগে বিকেল ৫টার দিকে উক্ত সন্ত্রাসী বিধান মোবাইলে প্রজিত চাকমাকে তার বাড়ি পুড়িয়ে দেয়ার হুমকি দিয়েছিল বলে তিনি জানান।

কালো প্রিয় চাকমা জেএসএস সংস্কারবাদী চার কুচক্রী সেনাবাহিনীর মদদে ও পৃষ্ঠপোষকতায় খুন, অপহরণ, এলাকা থেকে ইউপিডিএফ নেতাকর্মীদের পরিবার ও আত্মীয় স্বজনদের উচ্ছেদ এবং তাদের ঘরবাড়ি জ্বালিয়ে দেয়াসহ বিভিন্ন সন্ত্রাসী কার্যকলাপ অব্যাহত চালিয়ে যাচ্ছে উল্লেখ করে বলেন, 'জনগণের অধিকারের পক্ষে একটি মিছিল কিংবা সমাবেশ-মানববন্ধন দূরের কথা, সামান্য একটা বিবৃতি পর্যন্ত তারা দিতে নারাজ। অথচ জনগণের জন্য আন্দোলনের কথা বলে কোটি কোটি টাকা চাঁদা তুলে সংস্কারবাদী নেতারা সেই টাকা দিয়ে চার-পাঁচ তলা বাড়ি নির্মাণ ও ব্যবসা বাণিজ্য করে নিজেদের আখের গোছাতে ব্যস্ত।'

সংস্কারবাদী চার কুচক্রী পেলে-শক্তিমান-সুদর্শন-অংশুমানকে চরম প্রতিক্রিয়াশীল ও অশুভ শক্তি হিসেবে বর্ণনা করে ইউপিডিএফ নেতা আরো বলেন, 'সংস্কারবাদীরা আন্দোলন নয়, নিজের জ্ঞাতি ভাইকে খুন ও ক্ষতি করতেই ওস্তাদ। তারা সরকার ও সেনাবাহিনীর জুম্ম ধ্বংসের এজেন্ডাই বাস্তবায়ন করে চলেছে।'

তিনি সংস্কারবাদী চার কুচক্রীকে সেনাবাহিনীর খপ্পড় থেকে বেরিয়ে এসে জনগণের আন্দোলনের কাতারে যুক্ত হওয়ার আহ্বান জানান। নচেৎ জনগণ 'আপনাদেরকে ক্ষমা করবে না' বলে তিনি হুঁশিয়ার করে দেন।

ইউপিডিএফ নেতা অবিলম্বে প্রজিত চাকমার বাড়ি পুড়িয়ে দেয়ার ঘটনাসহ সংস্কারবাদী ও নব্য মুখোশ বাহিনী সন্ত্রাসীদের দ্বারা সংঘটিত সকল খুন ও অপহরণের সাথে জড়িতদের গ্রেফতার ও শাস্তির দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।